আনসার -ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয় ,ঢাকা ।
আইন ও গবেষণা বিভাগ
ফোন:০২৪৮৩১৩১৯১ , Email :avublaw@gmail.com

# আইনজীবী প্যানেলভুক্তিকরন সংক্রান্ত বিজ্ঞপ্তি

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকে আইনজীবী প্যানেলভুক্তকরনের জন্য আগ্রহী আইনজীবীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম (প্যানেলভুক্ত আইনজীবী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | ক) নিম্ন আদালত | ১) প্যানেলভুক্তির ক্ষেত্রে প্রার্থীর আইনে স্নাতক ডিগ্রীসহ আইনজীবী হিসাবে বার কাউন্সিলের সনদ থাকতে হবে।<br>২) নিম্ন আদালতে মামলা পরিচালনা করার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা আদালতে আইন পেশায় কমপক্ষে ০৫( পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে । এ ক্ষেত্রে তাঁকে স্থানীয় আইনজীবী সমিতির সদস্য হতে হবে। |
| | খ) সুপ্রীমকোর্ট আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ | ১) সুপ্রীমকোর্ট আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনা করার জন্য তাকে কমপক্ষে ০৫( পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে ।<br>২) অ্যাপিলেট ডিভিশনে মামলা পরিচালনা করার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে ।<br>৩) এ ক্ষেত্রে তাঁকে সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশনের সদস্য হতে হবে । |
| | গ)প্রশাসনিক আপীল ট্রাইবুনাল ও প্রশাসনিক ট্রাইবুনাল | ১) প্রশাসনিক ট্রাইবুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইবুনালে তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট আদালতে আইনজীবী হিসাবে ০৫( পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে ।<br>২)এ ক্ষেত্রে তাঁকে আইনজীবী সমিতির সদস্য হতে হবে । |

০১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং The Bangladesh Legal Practitioners and Bar Council Order and Rules, 1972 অনুসারে বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত এডভোকেট হতে হবে ।

০২) আইনজীবীদের প্যানেলভুক্তির মেয়াদ হবে নিয়োগ প্রদানের তারিখ হইতে ০২ (দুই) বছর । তবে এক্ষেত্রে মন্ত্রনালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে ।

০৩) ব্যাংক কর্তৃক প্রণীত KeyPerformance Indicator (KPI) অনুযায়ী পরবর্তীতে যে সকল আইনজীবীগণের পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে ,পুনরায় তালিকাভুক্তির ক্ষেত্রে তাঁদেরকে অগ্রাধিকার দেয়া হবে ।

০৪) ব্যাংকে প্যানেলভুক্তির জন্য আইনজীবীগণ মাসিক নির্ধারিত কোন সম্মানী/ফি প্রাপ্য হবেন না । শুধু ব্যাংকের পক্ষে মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত কার্যাবলী সম্পাদনের জন্য প্যানেলভুক্ত আইনজীবীগণ ব্যাংকের অনুমোদিত ফি ( বিদ্যমান সার্কুলার ২/ ২০২৫ অনুযায়ী পেশাগত সম্মানী / ফি ও খরচ প্রাপ্য হবেন ।

০৫) আগ্রহী প্রার্থীদেরকে (ক) জাতীয় পরিচয়পত্রের কপি খ) পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ঘ) পেশাগত সনদসমূহ এবং ঙ) সাম্প্রতিক তোলা (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি সহ ০২(দুই ) সেট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে ।

০৬) প্রশাসনিক ট্রাইবুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইবুনালে তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট আদালতে আইনজীবী হিসাবে উপরে বর্ণিত ১(গ) অনুযায়ী অভিজ্ঞতা থাকতে হবে ।

০৭) ফৌজদারী অপরাধে অথবা বার কাউন্সিল হতে দন্ডপ্রাপ্ত বা ঋণ খেলাপী কোন আইনজীবী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন ।

০৮) আবেদন অবশ্যই পত্রিকায় প্রকাশের তারিখ থেকে ৩০ জুনের মধ্যে নির্ধারিত সময় বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে ।

০৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে ।

১০) অসম্পূর্ণ / ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে ।

১১) প্যানেলভুক্তির জন্য সকল আবেদনপত্র অনু : ১ (খ) ও (গ) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয় , আমান কোর্ট, ১৪ আউটার সার্কুলার রোড , রাজারবাগ, ঢাকা-১২১৭ ও আঞ্চলিক কার্যালয় সমুহ তাদের আওতাধীন জেলা সমুহের আবেদনসমুহ অনু: ১ (ক) এর জন্য সর্বশেষ গ্রহণ তারিখের পর থেকে ১৫ দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন । অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না । উল্লেখ্য , আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ওয়েব http://ansarvdpbank.gov.bd এ নোটিশ/সার্কুলার এর বিস্তারিত তথ্য পাওয়া যাবে ।

স্বাক্ষরিত

মহাব্যবস্থাপক(অপারেশন )
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক,
আইন ও গবেষণা বিভাগ

G:\panel Advocate appointment letter 1 - Copy-২.doc